

খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ এ উল্লেখিত লক্ষ্যমাত্রা ১.৫ এর আওতায় কর্মপরিবেশ উন্নয়নের অংশ হিসাবে ডে-কেয়ার সেন্টার স্থাপন কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে গঠিত কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ মামুনুর রশীদ উপপরিচালক (প্রশাসন/অর্থ ও পরিকল্পনা)
সভার তারিখ	২৫ নভেম্বর ২০২১
সভার সময়	দুপুর ১০.৩০ টা
স্থান	খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর সভা কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত কমিটির সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে ডে-কেয়ার সেন্টার স্থাপন কার্যক্রম বাস্তবায়ন কমিটির সদস্য সচিব জানান, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ এর ১.৫ ক্রমিকে বিএমডির কর্মপরিবেশ উন্নয়নের লক্ষ্যে ০৩ টি কার্যক্রম অন্তর্ভুক্ত করা হয়েছে। প্রথম কার্যক্রম ১.৫.১ ক্রমিকে ডে-কেয়ার সেন্টার স্থাপনের লক্ষ্যমাত্রা রয়েছে যা ৩১ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে বাস্তবায়ন করতে হবে। সদস্য সচিব জানান, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রনয়নের সময় কর্মপরিকল্পনার সাথে কার্যক্রমটি কিভাবে বাস্তবায়ন করতে হবে তা সংযুক্তি আকারে প্রেরণ করতে হয়েছে। বাস্তবায়ন প্রক্রিয়াটি নিম্নে তুলে ধরা হলো :

## ২.০ বাস্তবায়ন প্রক্রিয়া :

- ১। একটি কমিটি গঠন করা হবে;
- ২। সভা আহ্বান করা হবে;
- ৩। সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে উপযুক্ত স্থান নির্ধারণ করা হবে;
- ৪। কক্ষ নির্ধারণ করা হলে খেলনা, ছবি, রাইডস দিয়ে কক্ষ সজ্জাকরণ করা হবে।

## প্রমাণক :


কমিটি গঠনের আদেশ, সভার রেজুলেশন, ছবি

৩। অতঃপর সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

- (ক) বিএমডির কক্ষ নং-১২২ -এ ডে-কেয়ার সেন্টার স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়;
- (খ) কক্ষটিকে শিশুদের বিশ্রাম এবং খেলার জন্য উপযুক্ত খেলনা, রাইডস ও অন্যান্য প্রয়োজনীয় উপকরণ দিয়ে সজ্জাকরণের সিদ্ধান্ত গৃহীত হয়;
- (গ) কক্ষটিকে সজ্জাকরণের লক্ষ্যে যে অর্থ ব্যয় হবে তা শুদ্ধাচার কোড থেকে ব্যয় করতে হবে।

৩.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত কমিটির সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার

সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ মামুনুর রশীদ

উপপরিচালক (প্রশাসন/অর্থ ও পরিকল্পনা)

স্মারক নম্বর: ২৮.০৭.০০০০.০০৪.৩৬.০০১.১৩.৫১৭

তারিখ: ২৮ অগ্রহায়ণ ১৪২৮

১৩ ডিসেম্বর ২০২১

অনুলিপি : অবগতি/অবগতি ও কার্যার্থে

- ১) উপসচিব, প্রশাসন-৩ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ;
- ২) উপপরিচালক (খনি ও খনিজ) (চলতি দায়িত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ৩) সহকারী পরিচালক (ভূতত্ত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ৪) সহকারী পরিচালক (ভূ-রসায়ন), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ৫) পি.এ টু মহাপরিচালক/পরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ৬) সংশ্লিষ্ট নথি/অফিস কপি।



মোসাঃ মাহবুবা খাতুন

সহকারী পরিচালক (ভূতত্ত্ব)